

ভর্তি বিজ্ঞপ্তি

দেশের ১৮-৩৫ বছর বয়সী বেকার যুবক/ যুব নারীদের কর্মসংস্থানের নিমিত্ত দক্ষতামূলক প্রশিক্ষণ ও আত্মকর্মী সৃষ্ণের জন্য যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুর জেলা কার্যালয়স্থান নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্সে ভর্তির লক্ষ্যে লক্ষ্মীপুর জেলার শিক্ষিত যুবক ও যুব নারীদের নিকট হতে বর্ণিত নিয়মাবলী অনুসরণ পূর্বক দরখাস্ত আহবান করা যাচ্ছে।

ক্রঃ নং	ট্রেডের নাম	প্রশিক্ষণের মেয়াদ	ভর্তি ফি	প্রশিক্ষণার্থীদের যাতায়াত ভাতা	ন্যূনতম শিক্ষাগত যোগ্যতা	আবেদনপত্র জমা দেয়ার শেষ তারিখ	মৌখিক পরীক্ষার তারিখ
০১.	ইলেকট্রিক্যাল এন্ড হাউজওয়্যারিং ও সোলার সিস্টেম প্রশিক্ষণ কোর্স (অনাবাসিক) আসন সংখ্যা - ৩০	০১- ৩১ জানুয়ারী/ ২০২৫	৩০০/-	দৈনিক ১০০/- (একশত) টাকা উপস্থিতির ভিত্তিতে (সর্বোচ্চ- ২২০০/-)	৮ম শ্রেণি	২৬/১২/২০২৪	২৯/১২/২০২৪

**** দরখাস্ত ও ভর্তি সংক্রান্ত তথ্যাদি :**

- বর্ণিত কোর্সে ভর্তি হতে ইচ্ছুক বা আগ্রহী প্রার্থীর বয়স ১৮-৩৫ বছর এবং বেকার যুবক ও যুব নারী হতে হবে। তবে প্রকৃত মুক্তিযোদ্ধা পরিবারের পোষ্যদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য।
- এ টু আই (a2i) এর সাথে যৌথভাবে NISE ভুক্ত অনলাইনে <https://dyd.nise.gov.bd/courses> লিংকে গিয়ে আবেদন করতে হবে।
- আবেদকারী / প্রার্থীর বয়স নির্ধারণের জন্য এফিডেবিট গ্রহণযোগ্য নয়।
- দূরবর্তী স্থানে বসবাসরত কর্মপ্রত্যাশী যুবদের সুবিধার্থে প্রশিক্ষণে ভর্তির আবেদন উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয় / যুব প্রশিক্ষণ কেন্দ্র/ জেলা কার্যালয়/ ইউনিয়ন ডিজিটাল সেন্টারে অনলাইনে উল্লেখিত লিংকে আবেদন দাখিল করতে পারবে।
- আবেদনপত্রের সাথে (১) শিক্ষাগত যোগ্যতার সনদপত্রের ছায়াছবি ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রজিন ছবি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত ছায়াছবি ও সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রজিন ছবি জমা দিতে হবে। সাক্ষাৎকার ও মনোনয়নকালে মূল সনদপত্র সঙ্গে আনতে হবে।
- সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে সশ্রিষ্ট নির্বাচনী বোর্ডের সামনে নির্ধারিত সময়ে হাজির হতে হবে। এ জন্য কোন প্রকার টি.এ/ডি.এ দেয়া হবে না।
- ভর্তির ব্যাপারে নির্বাচনী বোর্ডের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।
- ভর্তির সময় নির্বাচিত প্রশিক্ষণার্থীগণকে সার্বক্ষণিক সক্রিয় মোবাইল নম্বর, facebook আইডি whats app no ও ই-মেইল আই ডি আবশ্যিকভাবে দিতে হবে।
- আবেদনপত্র জমা দেয়ার নির্ধারিত সময়ের পর কোন আবেদনপত্র জমা নেয়া হবে না।

**** প্রশিক্ষণের শর্তাবলীঃ**

- প্রত্যেক প্রশিক্ষণার্থীকে যথাসময়ে প্রশিক্ষণ কেন্দ্রে উপস্থিত থাকাসহ কেন্দ্রের নিয়ম শৃঙ্খলা মেনে চলতে হবে।
- প্রশিক্ষণ শেষে আত্মকর্মসংস্থান/কর্মসংস্থানে নিয়োজিত হতে হবে এবং প্রশিক্ষণকালে সকল নির্দেশিত স্বাস্থ্যবিধি পরিপূর্ণভাবে পালন করতে হবে।
- ইতোপূর্বে যিনি যুব উন্নয়ন অধিদপ্তর থেকে প্রশিক্ষণ গ্রহণ করেছেন তিনি আবেদন করতে পারবেন না।

স্বাক্ষরিত—

(জসীম উদ্দীন আহম্মদ খান)

উপপরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুর।

e-mail- ddlakshmipur@dyd.gov.bd

তারিখঃ ০৪/১২/২০২৪ খ্রিঃ।

স্মারক নং - ৩৪.০১.৫১০০.৩৭.০২৮.১৩- ৭৬৫

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো :

- ০১। পরিচালক (প্রশিক্ষণ), যুব উন্নয়ন অধিদপ্তর, ঢাকা।
- ০২। জেলা প্রশাসক, লক্ষ্মীপুর।
- ০৩। পুলিশ সুপার, লক্ষ্মীপুর।
- ০৪। চেয়ারম্যান, জেলা/উপজেলা পরিষদ..... লক্ষ্মীপুর।
- ০৫। জেলা অফিসার, লক্ষ্মীপুর।
- ০৬। উপজেলা নির্বাহী অফিসার/ উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, লক্ষ্মীপুর।
- ০৭। অফিস কপি / গার্ড ফাইল/ নোটিশ বোর্ড।


০৪/১২/২০২৪

(মোঃ হারুন-অর-রশিদ)

সহকারী পরিচালক

যুব উন্নয়ন অধিদপ্তর, লক্ষ্মীপুর।